

COVID-19 রোগ নির্ণয় ও অ্যান্টিবডি পরীক্ষা

বিনামূল্যে COVID-19 রোগনির্ণয় পরীক্ষা

COVID-19 রোগনির্ণয় পরীক্ষা নিরাপদ, বিনামূল্যে এবং সহজ। এর জন্য নাকের স্লেঞ্জা, মুখের স্লেঞ্জা বা লালার নমুনা ব্যবহার করা হতে পারে।

সিটি জুড়ে 100 টিরও বেশি সুবিধাজনক COVID-19 রোগনির্ণয় পরীক্ষার সাইট রয়েছে। আপনার নিকটবর্তী পরীক্ষার সাইটটি খুঁজে পেতে [এখানে ক্লিক করুন](#)।

কারা পরীক্ষা করাতে পারেন?

পরীক্ষা করাতে পারেন যদি:

- আপনি আপনার পরিবার ও নিজেকে সুরক্ষিত রাখতে চান
- আপনার স্বর, কাশি, শ্বাসকষ্ট অথবা স্বাদ বা ঘ্রাণশক্তি লোপ পাওয়ার মতো COVID-19 সংক্রান্ত উপসর্গ থাকে
- আপনি COVID-19 পরীক্ষায় পজিটিভ এসেছেন এমন কারো ঘনিষ্ঠ সান্নিধ্যে থাকেন
- আপনি একজন ফার্স্ট রেস্পন্ডার বা স্বাস্থ্যকর্মী হয়ে থাকেন
- আপনি কোনো নার্সিং হোম, আশ্রয়কেন্দ্র বা বয়স্ক সেবা কেন্দ্রে কাজ করে থাকেন

পরীক্ষার ফলাফল আসতে কেমন সময় লাগে?

বেশিরভাগ পরীক্ষার ফলাফল আসতে আনুমানিক 48 ঘন্টা সময় লাগে।

আমার কী বিমা থাকতে হবে?

রোগনির্ণয় পরীক্ষা করানোর জন্য আপনার কোনো বিমা থাকার প্রয়োজন নেই।

গোপনীয়তা

আপনার পরীক্ষার ফলাফল গোপন থাকবে।

COVID-19 অ্যান্টিবডি পরীক্ষা

COVID-19 অ্যান্টিবডি পরীক্ষা এমন একটি রক্ত পরীক্ষা যা আপনার রক্তে অ্যান্টিবডি — অর্থাৎ সেই প্রোটিনগুলি খুঁজে বের করে যা সংক্রমণের বিরুদ্ধে লড়াই করে। আপনার আঙুল থেকে রক্ত নিয়ে এই পরীক্ষাটি করা হবে। পরীক্ষার ফলাফল পজিটিভ আসা মানেই তা রোগ প্রতিরোধ ক্ষমতার নির্দেশক নয়।

COVID-19 অ্যান্টিবডি পরীক্ষা কোথায় করাবেন সে সংক্রান্ত তথ্যের জন্য [COVID-19 সিটিওয়াইড ইনফর্মেশন পোর্টাল](#) ভিজিট করুন।

কারা অংশগ্রহণ করতে পারেন?

আপনার অ্যান্টিবডি পরীক্ষা করানো উচিত যদি:

- আপনার COVID-19 এর উপসর্গ না থাকে
- আপনি গত দুই সপ্তাহের মধ্যে অসুস্থ না হয়ে থাকেন
- আপনি গত দুই সপ্তাহের মধ্যে COVID-19 পরীক্ষায় পজিটিভ না হয়ে থাকেন

সুবিধাসমূহ

আপনার COVID-19 ছিল কি না আপনি তা জানতে পারবেন এবং ভ্যাকসিন ও এই রোগের বিরুদ্ধে লড়াইয়ের অন্যান্য উপায় বের করার গবেষণার উন্নয়নে সহযোগিতা করতে পারবেন।

পরীক্ষার ফলাফল আসতে কেমন সময় লাগে?

ফলাফল আসতে আনুমানিক 48 ঘণ্টা সময় লাগে।

আমার কী বিমা থাকতে হবে?

অ্যান্টিবডি পরীক্ষা করানোর জন্য আপনার একটি বিমা থাকার প্রয়োজন।

গোপনীয়তা

আপনার সম্পর্কিত সকল তথ্য গোপন থাকবে।